# অধ্যায়-০৬: প্রাপ্য হিসাবসমূহের হিসাবরক্ষণ/সৃজনশীল

১। নিম্নে বর্ণিত তথ্যাবলি রুমা এন্টারপ্রাইজ-এর হিসাব বই হতে নেওয়া হয়েছে: [ঢা.বো. য.বো. সি.বো. দি.বো. ২০১৮]

| | ৩১ ডিসেম্বর ২০১৬ | ৩১ ডিসেম্বর ২০১৭ |
|---|---|---|
| অনাদায়ী পাওনা সঞ্চিতি (১-১-১৬) | ১২,০০০ টাকা | - |
| লিখিত অনাদায়ী পাওনা | ৬,০০০ টাকা | - |
| অলিখিত অনাদায়ী পাওনা | ১০,৫০০ টাকা | ৫,৪০০ টাকা |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে | $২\frac{১}{২}$% | ৫% |
| প্রাপ্য হিসাব | ২,২৬,৫০০ টাকা | ১,৫৫,৪০০ টাকা |

ক) অনাদায়ী পাওনার পরিমাণ নির্ণয় কর।
খ) অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি কর।
গ) অনাদায়ী পাওনা হিসাব তৈরি কর।
উত্তর : ক) অনাদায়ী পাওনা খরচ (২০১৬) ৯,৯০০ টাকা এবং (২০১৫) ৭,৫০০ টাকা।

২। নিম্নলিখিত তথ্যাদি সালদা ট্রেডার্স এর হিসাব বই হতে সংগৃহীত হয়েছে : [রা.বো. কু.বো. চ.বো. ব.বো. ২০১৮]

| | টাকা |
|---|---|
| অনাদায়ী পাওনা সঞ্চিতি (০১-০১-২০১৭) | ৮,০০০ |
| অবলোপনকৃত অনাদায়ী পাওনা | ৫,০০০ |
| প্রাপ্য হিসাব (৩১-১২-২০১৭) | ৭৫,০০০ |
| অলিখিত অনাদায়ী পাওনা | ৪,০০০ |
| প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে | |

ক) নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি নির্ণয় কর।
খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই)
গ) অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি কর।
উত্তর : ক) অনাদায়ী পাওনা সঞ্চিতি ৭,১০০ টাকা।

৩। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে রিপন কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে নিম্নলিখিত তথ্যসমূহ পাওয়া গেল; [ঢা.বো. ২০১৭]
প্রাপ্য হিসাব ৪,৮০,০০০ টাকা।
অনাদায়ী পাওনা সঞ্চিতি ৪০,০০০ টাকা।
২০১৬ সালের প্রাপ্য হিসাব সম্পর্কিত লেনদেনসমূহ ছিল নিম্নরূপ;
ধারে পণ্য বিক্রয় ১,৬০,০০০ টাকা।
অনাদায়ী পাওনা বাবদ অবলোপন করতে হবে ২০,০০০ টাকা।
বছর শেষে অনাদায়ী সঞ্চিতি রাখতে হবে ৪০,০০০ টাকা।
<u>করণীয়</u> ঃ- (ক) চলতি বছরের অনদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় কর।
(খ) উপযুক্ত লেনদেন গুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই)
(গ) প্রাপ্য হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবের খতিয়ান তৈরি কর।
উত্তর: (ক) অনাদায়ী পাওনা খরচের পরিমাণ ২০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ২,২০,০০০ টাকা।

৪। ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে বেলাল এন্টারপ্রাইজের অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ ছিল ৭,০০০ টাকা। ৩০ জুন তারিখে হিসাবভুক্ত অনাদায়ি পাওনার পরিমাণ ৩,০০০ টাকা। উক্ত বছরে মোট অনাদায়ী পাওনার পরিমাণ ৮,০০০ টাকা, ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত ছিল ৯০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করে। [রা.বো. ২০১৭]
<u>করণীয়</u> ঃ- (ক) অলিখিত অনাদায়ী পাওনার পরিমাণ নির্ণয় কর।
(খ) উপরোক্ত লেনদেন গুলির জাবেদা দাও।
(গ) অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব ও আনাদায়ী দেনা হিসাব তৈরি কর।
উত্তর: (ক) অলিখিত অনাদায়ী পাওনা ৫,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ১৮,৫০০ টাকা; (গ) অনাদায়ী পাওনা সঞ্চিতির জের ৪,২৫০ টাকা (ক্রেডিট)

৫। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে ব্রাইট লিমিটেডের অনাদায়ী পাওনার পরিমাণ হয়েছিল ৮০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের এই প্রতিষ্ঠানের প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত দাঁড়ায় ৬০,০০০ টাকা। সংশ্লিষ্ট বছরে প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে। [চ.বো. ২০১৭]
<u>করণীয়</u> ঃ- (ক) অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় কর।
(খ) উল্লিখিত তথ্যের সংশ্লিষ্ট খাতের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
(গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখ পর্যন্ত সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণীতে উপস্থাপন ও ঐ তারিখের আর্থিক বিবরণীতে উপস্থাপন দেখাও।
উত্তর: (ক) অনাদায়ী পাওনা সঞ্চিতি ৩,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৮,৪০০ টাকা।

৬। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে মেসার্স তাহের ব্রাদার্সের উদ্বৃত্তপত্রে প্রাপ্য হিসাবের পরিমাণ ২,০০,০০০ টাকা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি ছিল ১২,০০০ টাকা। ২০১৬ সালে প্রাপ্য হিসাব সম্পর্কিত নিম্নলিখিত লেনদেন গুলো সম্পাদিত হল; [কু.বো. ২০১৭]

(১) ধারে বিক্রয় ৫,০০,০০০ টাকা।
(২) প্রাপ্য হিসাব আদায় হল ২,৫০,০০০ টাকা।
(৩) অনাদায়ী পাওনা অবলোপন করা হল ৮,০০০ টাকা।
(৪) ইতোপূর্বে অবলোপনকৃত অনাদায়ী পাওনা আদায় হল ৫,০০০ টাকা।
করণীয় ঃ- (ক) ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য নিরূপণ কর।
(খ) উপর্যুক্ত চারটি লেনদেনের জাবেদা দাও।
(গ) প্রাপ্য হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের জের নির্ণয় কর।
উত্তর: (ক) প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য ১,৮৮,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৭,৬৮,০০০ টাকা; (গ) প্রাপ্য হিসাবের জের ৪,৪২,০০০ টাকা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবের জের ৯,০০০ টাকা।

৭। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে মেসার্স লাবিবা ট্রেডার্সের রেওয়ামিল (আংশিক) নিম্নে প্রদত্ত হল; [সি.বো. ২০১৭]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ২,০০,০০০ | |
| অনাদায়ী পাওনা | ১৫,০০০ | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ১৭,৫০০ |

প্রাপ্য হিসাব ১০,০০০ টাকা অনাদায়ী পাওনা হিসাবভূক্ত করতে হবে। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৭% অনাদায়ী পাওনা সঞ্চিতি সৃষ্টি করতে হবে।
করণীয় ঃ- (ক) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে অনাদায়ী পাওনা সঞ্চিতির জের নির্ণয় কর।
(খ) প্রয়োজনীয় জাবেদা দাখিল দাও।
(গ)অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুতকর।
উত্তর: (ক) অনাদায়ী পাওনা সঞ্চিতির জের ১৩,৩০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৬৬,৬০০ টাকা।

৮। ১ জানুয়ারি ২০১৬, তারিখের মাহি লি: এর হিসাব বই এ অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতির উদ্বৃত্ত (ক্রেডিট) ১,৫০০ টাকা। ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের পরিমাণ ৩১,৫০০ টাকা। প্রাপ্য হিসাবের ৫০০ টাকা আদায়যোগ্য নয়। প্রাপ্য হিসাবের উপর ৫% ধরে অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে। [ব.বো. ২০১৭]
করণীয় ঃ- (ক) ২০১৬ সালের অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় কর।
(খ) জাবেদা দাখিলা দেখাও।
(গ) অনাদায়ী পাওনা হিসাব এবং অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি হিসাব তৈরি কর।
উত্তর: (ক) অনাদায়ী পাওনা খরচের পরিমাণ ৫৫০ টাকা; (খ) জাবেদার যোগফল ১,৬০০ টাকা; (গ) অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবের জের ১,৫৫০ টাকা (ক্রেডিট)।

৯। একজন ব্যবসায়ীর প্রাপ্য হিসাব সংক্রান্ত তথ্যবলি নিম্নরূপ; [দি.বো. ২০১৭]

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| অনাদায়ী পাওনা সঞ্চিতি (১-১-১৬) | ১০,০০০ |
| অনাদায়ী দেনা হিসাবভুক্ত হয়েছে | ৪,০০০ |
| অনাদায়ী দেনা হিসাবভুক্ত করতে হবে | ৩,০০০ |
| প্রাপ্য হিসাব (১-১-২০১৬) | ৪৩,০০০ |
| চলতি বছরে বাকিতে বিক্রয় | ৬০,০০০ |

প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ী সঞ্চিতি রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
করণীয় ঃ-(ক)২০১৬ সালের নতুন পাওনা সঞ্চিতির পরিমাণ কত?২
(খ) অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত জাবেদা লেখ।
(গ) অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি কর।
উত্তর: (ক) অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ ১০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ২১,০০০ টাকা।

১০। মাহি এন্ড কোং এর হিসাবকাল অর্ধবৎসরান্তে সমাপ্ত হয়। ২০১৬ সালের ১ জুলাই তারিখে মাহি এন্ড কোং এর প্রাপ্য হিসাবের ব্যালেন্স ছিল ১,০০,০০০ টাকা। উক্ত অর্ধবছরে নির্বাচিত লেনদেন নিম্নরূপ; [য.বো. ২০১৭]

| | | |
|---|---|---|
| জুলাই | ১ | রাজু এন্ড কোং এর নিকট হতে ২০,০০০ টাকার, ৪ মাস মেয়াদি, একটি প্রাপ্যনোট পাওয়া গেল যার সুদের হার ১২%। |
| নভেঃ | ১ | রাজু এন্ড কোং এর প্রাপ্য নোটের টাকা সুদসহ পাওয়া গেল। |
| ” | ১ | জাহিদের নিকট ৩০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ৯০ দিন মেয়াদি একটি প্রাপ্য নোট পাওয়া গেল যার সুদের হার ১০%। |
| ডিসেঃ | ৩১ | জাহিদের প্রাপ্য নোটের উপর সুদ প্রাপ্য হল সমন্বয় দাখিলা দাও। |

করণীয় ঃ- (ক) জাহিদের প্রাপ্য নোটটির মেয়াদপূর্তির তারিখ নির্ণয় কর।
(খ)উপর্যুক্ত লেনদেনগুলোর জন্য প্রয়োজনীয় জাবেদা দাখিল দাও।
(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে প্রাপ্য হিসাব এবং প্রাপ্য নোট হিসাব প্রস্তুত কর।
উত্তর: (ক) মেয়াদপূর্তির তারিখ ৩০ জানুয়ারি ২০১৭; (খ) জাবেদার যোগফল ৭১,৩০০ টাকা; (গ) প্রাপ্য হিসাবের জের ৮০,০০০ টাকা এবং প্রাপ্য নোট হিসাবের জের ৩০,০০০ টাকা।

১১। প্রিয়ন্তী লিমিটেডের ২০১৫ সালের ১লা জানুয়ারি তারিখে অনাদায়ি ও সন্দেহজনক সঞ্চিতির জের ছিল ৩,০০০ টাকা। ৩১ শে ডিসেম্বর তারিখে অনাদায়ি পাওনার পরিমাণ ২,০০০ টাকা। বছর শেষে অসমন্বিত দেনাদারের পরিমাণ ছিল ৪২,০০০ টাকা। দেনাদারের ওপর ৫% অনাদায়ি ও সন্দেহজনক সঞ্চিতি সৃষ্টি করতে হবে। [সি.বো. ২০১৬]
করণীয় ঃ- (ক) মোট অনাদায়ি পাওনা বাবদ ব্যায়ের পরিমাণ নির্ণয় কর।

(খ) প্রিয়ন্তী লিমিটেডের হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
(গ) সন্দেহজনক সঞ্চিতির খতিয়ান দেখাও এবং আর্থিক অবস্থার বিবরণীতে দেনাদার কীভাবে প্রদর্শিত হবে তা দেখাও।
উত্তর: (ক) অনাদায়ী পাওনা বাবদ ব্যয় ১,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৪,০০০ টাকা; (গ) অনাদায়ী ও সন্দেহজনক সঞ্চিতির পরিমাণ ২,০০০ টাকা।

১২। নূপুর ট্রেডার্সের হিসাব বই হতে নিম্নলিখিত তথ্যগুলো পাওয়া গিয়েছে; [দি.বো. ২০১৬]

| | |
|---|---|
| প্রাপ্য হিসাব (১১-২০১৫) | ২১,২০০ টাকা |
| সন্দেহজনক পাওনা সঞ্চিতি (১-১-২০১৫) | ২,০০০ টাকা |
| ধারে বিক্রয় (২০১৫) | ৩০,০০০ টাকা |
| অনাদায়ি পাওনা অবলোপন | ১,২০০ টাকা |

নূপুর ট্রেডার্সের অনাদায়ি পাওনার জন্য প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে ভবিষ্যৎ ব্যবস্থা রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন।
করণীয় ঃ- (ক) অনাদায়ি পাওনা খরচের পরিমাণ নির্ণয় কর।
(খ) লেনদেন গুলোর প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
(গ) অনাদায়ি পাওনা খরচ ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি হিসাব তৈরি কর।
উত্তর: (ক) অনাদায়ী পাওনা খরচ ১,৭০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৩৪,৬০০ টাকা; (গ) সন্দেহজনক পাওনা সঞ্চিতি হিসাবের জের ২,৫০০ টাকা।

১৩। নাসরিন ট্রেডার্সের রেওয়ামিল হতে নিচের তথ্যসমূহ পাওয়া গেল: [য.বো. ২০১৬]

| বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| লিখিত অনাদায়ি পাওনা | ৩,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | |
| অনাদায়ি দেনা সঞ্চিতি | | ৫,০০০ |

সমন্বয় ঃ- ১,৫০০ টাকা প্রাপ্য হিসাব থেকে অনাদায়ি দেনা বাবদ অবলোপন করতে হবে এবং প্রাপ্য হিসাবের অবশিষ্ট উদ্বৃত্তের ওপর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতির ব্যবস্থা রাখতে হবে।
করণীয়ঃ-(ক) নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় কর।
(খ) নাসরিন ট্রেডার্সের বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।
(গ) অনাদায়ি দেনা ও অনাদায়ি পাওনা সঞ্চিতি হিসাব তৈরি কর।
উত্তর: (ক) নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি ৪,৯২৫ টাকা; (খ) জাবেদার যোগফল ১৩,৩৫০ টাকা; (গ) অনাদায়ী পাওনা সঞ্চিতির জের ৪,৯২৫ টাকা (ক্রেডিট)।

১৪। বাবু ট্রেডার্স এর ২০১৪ সালের লেনদেন গুলো নিম্নরূপ; [রা.বো. ২০১৫]

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| সন্দেহজনক পাওনা সঞ্চিতি (২-১-২০১৪) | ২,০০০ |
| অনাদায়ী পাওনা (৩১-১২-২০১৪)<br>লিখিত<br>অলিখিত | <br>১,২০০<br>৮০০ |
| প্রাপ্য হিসাব (৩১-১২-২০১৪) | ৬০,০০০ |

করণীয় ঃ- (ক) ৫% হারে নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো।
(খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।
(গ) অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরী করো।
উত্তর: (ক) পর্যাপ্ত তথ্যের অভাবে অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করা যাবে না; (খ) জাবেদার যোগফল ২,০০০ টাকা; (গ) অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবের উদ্বৃত্ত ০ টাকা।

১৫। নোটন ব্রাদার্সের ২০১৩ ও ২০১৪ সালের প্রাপ্য হিসাব সংক্রান্ত তথ্যাবলি নিম্নে দেওয়া হলো; [সি.বো. ২০১৫]
প্রারম্ভিক অনাদায়ি পাওনা সঞ্চিতি (১-১-১৩) ৪০০০ টাকা।

| | ২০১৩, টাকা | ২০১৪, টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৭৫,০০০ | ৬০,০০০ |
| অনাদায়ি পাওনা বাবদ অবলোপন করতে হবে | ৫,০০০ | ৩,০০০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতির হার | ৫% | ১০% |

করণীয় ঃ- (ক) ২০১৩ ও ২০১৪ সালের অনাদায়ি পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো।
(খ) ২০১৩ ও ২০১৪ সনের অনাদায়ি পাওনা হিসাব প্রস্তুত করো।
(গ) ২০১৩ ও ২০১৪ সনের অনাদায়ি পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত করো।
উত্তর: (ক) অনাদায়ী পাওনা বাবদ খরচের পরিমাণ ২০১৩ সালে ৪,৫০০ টাকা এবং ২০১৪ সালে ৫,২০০ টাকা; (গ) অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবের জের ৫,৭০০ টাকা।

১৬। মেসার্স রাফি ব্রাদার্স এর রেওয়ামিল নিম্নে দেওয়া হলো; [ব.বো. ২০১৫]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|

| | | |
|---|---|---|
| বিবিধ দেনাদার | ৯৪,০০০ | |
| অনাদায়ি পাওনা | ৪,৫০০ | |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ৪,৭৫০ |

বিবিধ দেনাদারের ৪,০০০ টাকা অনাদায়ি পাওনা হিসাবে হিসাবভুক্ত করতে হবে। অবশিষ্ট দেনাদারের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি সৃষ্টি করতে হবে।

করণীয় ঃ- (ক) ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে অনাদায়ি পাওনা সঞ্চিতির উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো।

(খ) অনাদায়ি পাওনা এবং অনাদায়ি পাওনা সঞ্চিতি সংক্রান্ত জাবেদা দাখিলা দাও।

(গ) অনাদায়ি পাওনা হিসাব এবং অনাদায়ি পাওনা সঞ্চিতির হিসাব প্রস্তুত করো।

উত্তর: (ক) অনাদায়ী পাওনা সঞ্চিতির উদ্বৃত্ত ৪,৫০০ টাকা; (খ) জাবেদার যোগফল ২৫,০০০ টাকা; (গ) অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবের জের ৪,৫০০ টাকা (ক্রেডিট)।

১৭। ২০১৪ সালের রবিন এন্ড কোং এর প্রাপ্য বিল সংক্রান্ত লেনদেন নিম্নরূপ; [দি.বো. ২০১৫]

| | | |
|---|---|---|
| জুলাই | ১ | ৬০ দিন মেয়াদী ৫০,০০০ টাকার প্রাপ্য বিল ফন এন্ড কোং এর নিকট হতে পাওয়া গেল। |
| ” | ১৫ | ফন এন্ড কোং এর নিকট থেকে প্রাপ্তি বিলটি ১৫% বাট্টায় উত্তরা ব্যাংক হতে বাট্টা করা হল। |
| আগস্ট | ১ | হিউজ এন্ড কোং এর নিকট থেকে ৬০ দিন মেয়াদী ১৬% সুদে ৩০,০০০ টাকার বিল পাওয়া গেল। |
| ” | ৩১ | হিউজ এন্ড কোং এর বিলটি ২৫% বাট্টায় ব্যাংক থেকে ভাংগানো হল। |

করণীয় ঃ- (ক) হিউজ এন্ড কোং এর সুদ খরচের পরিমাণ নির্ণয় করো।

(খ) রবিন এন্ড কোং এর হিসাব বইয়ে প্রয়োজনীয় জাবেদা লিখন দেখাও।

(গ) প্রাপ্য বিল হিসাব তৈরী করো।

উত্তর: (ক) সুদ খরচের পরিমাণ ৮০০ টাকা; (খ) জাবেদার যোগফল ১,৬০,১৫৮ টাকা।

## অধ্যায়-০২: গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি

১। প্রাপ্য নোটের সুদ কখন আদায় করা হয় ?
ক. মাসের শুরুতে
খ. মাসের শেষে
গ. মেয়াদান্তে নোটের সাথে ✓
ঘ. নোট ভাঙানোর সময়
২। কার দ্বারা প্রাপ্য নোট প্রত্যাখ্যাত হয় ?
ক. প্রাপক
খ. প্রস্তুতকারী✓
গ. বাট্টাকারী প্রতিষ্ঠান
ঘ. নোটারি পাবলিক
৩। প্রাপ্য হিসাব কখন মূল্যায়ন করা হয় ?
ক. খতিয়ান পোস্টিং পরে
খ. রেওয়ামিল তৈরির পূর্বে
গ. রেওয়ামিল তৈরির পরে
ঘ. আর্থিক অবস্থার বিবরণী তৈরির পূর্বে✓
৪। সাধারণত প্রাপ্যসমূহ কত প্রকার ?
ক. ২ ✓
খ. ৩
গ. ৪
ঘ. ৫
৫। কুঋণ প্রভিশন কী ?
ক. আয়
খ. ব্যয়
গ. ভবিষ্যৎ ব্যবস্থা✓
ঘ. দায়
৬। নতুন কুঋণ ৫,০০০ টাকা বাদ দেওয়ার পর নতুন কুঋণ সঞ্চিতি ৫% সমন্বয়ের পর ২% বাট্টা সঞ্চিতির পরিমাণ যদি ২০০ টাকা হয় তাহলে প্রারম্ভিক প্রাপ্ত হিসাব কত টাকা ছিল ?
ক. ১৫,৫২৬✓
খ. ২৫,৫২৬
গ. ৩৫,৫২৬
ঘ. ৪৫,৫২৬
৭। সাধারণত কতদিনের মধ্যে প্রাপ্য হিসাবের অর্থ আদায় করা হয় ?
ক. ১০ থেকে ২০ দিন✓
খ. ২০ থেকে ৪০ দিন
গ. ৩০ থেকে ৬০ দিন
ঘ. ৪০ থেকে ৮০ দিন
৮। প্রাপ্য নোট বাট্টা করে কোন পক্ষ ?
ক. প্রাপক✓
খ. প্রস্তুতকারী
গ. নোটারী পাবলিক
ঘ. অনুমোদনকারী

৯। অনাদায়ী পাওনা ও নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতিরি যোগফল পুরাতন সঞ্চিতি অপেক্ষা কম হলে তার স্থানান্তর জাবেদা দাখিলা কী হবে ?
ক. অনাদায়ী পাওনা হিসেব-ডেবিট
খ. আয় বিবরণী-ক্রেডিট✓
গ. বিবিধ দেনাদার হিসাব-ক্রেডিট
ঘ. অনাদায়ী দেনা সঞ্চিতি-ক্রেডিট
১০। প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা। মোট অনাদায়ী পাওনার পরিমাণ ৬,০০০ টাকা। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ১০% বাট্টা সঞ্চিতি ধরা হলে বাট্টা সঞ্চিতির পরিমাণ কত ? (রেওয়ামিলে অনাদায়ী পাওনা ৪,০০০ টাকা)
ক. ২,০০০ টাকা
খ. ২,৪০০ টাকা
গ. ২,৮০০ টাকা✓
ঘ. ৩,০০০ টাকা
১১। কুঋণ সঞ্চিতির পরিমাণ ২,০০০ টাকা কমাতে হবে। রেওয়ামিলে কুঋণ সঞ্চিতির পরিমাণ দেওয়া আছে ৬,০০০ টাকা। নতুন কুঋণ সঞ্চিতির পরিমাণ কত হবে ?
ক. ২,০০০ টাকা
খ. ৪,০০০ টাকা✓
গ. ৬,০০০ টাকা
ঘ. ৮,০০০ টাকা
১২। অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ বৃদ্ধির ফলে কী হয় ?
ক. নিট আয় হ্রাস পায়✓
খ. নিট আয় বৃদ্ধি পায়
গ. মোট আয় বৃদ্ধি পায়
ঘ. মোট আয় হ্রাস পায়
১৩। প্রাপ্য হিসাবকে নগদ বাট্টা দেওয়া হয় কেন ?
ক. ধারে বিক্রয় বৃদ্ধির জন্য
খ. দ্রুত টাকা পরিশোধে উৎসাহিত করার জন্য✓
গ. প্রাপ্য হিসাবের সাথে সম্পর্ক বৃদ্ধির জন্য
ঘ. প্রাপ্য হিসাবের স্বার্থ রক্ষার জন্য
১৪। প্রাপ্য বিল বাট্টা করে কোন পক্ষ ?
ক. প্রাপক✓
খ. প্রস্তুতকরী
গ. নোটারি পাবলিক
ঘ. ব্যাংক
১৫। ০১/০১/২০১৩ তারিখে প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা, ৩১/১২/২০১৩ তারিখে ৪০,০০০ টাকা, ২০১৩ সালে প্রাপ্য হিসাব হতে আদায় ৩৫,০০০ টাকা, ২০১৩ সালের বাকিতে বিক্রয়ের পরিমাণ কত ?
ক. ১০,০০০ টাকা
খ. ৩৫,০০০ টাকা
গ. ৪০,০০০ টাকা
ঘ. ৪৫,০০০ টাকা✓
১৭। ৪ মাস মেয়াদি ৩০,০০০ টাকার একটি সুদবিহীন প্রাপ্য নোট ১০% হারে ব্যাংকে বাট্টা করা হলো। এক্ষেত্রে নিট প্রাপ্তির পরিমাণ কত টাকা ?
ক. ১,০০০ টাকা
খ. ২৭,০০০ টাকা
গ. ২৯,০০০ টাকা✓
ঘ. ৩১,০০০ টাকা
১৮। অনাদায়ী পাওনা সঞ্চিতির প্রকৃতি কী ?
ক. মুনাফা বণ্টন

খ. বিপরীত সম্পত্তি✓
গ. একটি ক্ষতি
ঘ. একটি লাভ

১৯। প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা। মোট অনাদায়ী পাওনার পরিমাণ ৬,০০০ টাকা। প্রাপ্য হিসাবের ওপর ১০% বাট্টা সঞ্চিতি ধরা হলে বাট্টা সঞ্চিতির পরিমাণ কত ?
ক. ২,০০০ টাকা
খ. ২,৪০০ টাকা✓
গ. ২,৮০০ টাকা
ঘ. ৩,০০০ টাকা

২০। জনাব জামাল ১০,০০০ টাকার ঋণ গ্রহণ করে ৬ মাসের জন্য ২৫০ টাকা সুদ প্রদান করেন। এক্ষেত্রে সুদের হার কত ?
ক. ১০%
খ. ৭.৫%
গ. ৮%
ঘ. ৫%✓

২১। প্রাপ্য হিসাবের যে অংশ আদায় হবে না বলে নিশ্চিত তথ্য পাওয়া গেছে তাকে কী বলে ?
ক. কু-ঋণ খরচ✓
খ. স্বাভাবিক খরচ
গ. অস্বাভাবিক খরচ
ঘ. অনাদায়ী পাওনা সঞ্চিতি

২২। প্রাপ্য আয় সমন্বয় করা হলে-
i. আয় বৃদ্ধি পায়
ii. ব্যয় বৃদ্ধি পায়
iii. সম্পদ বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩। ধারে পণ্য ক্রয়ের ফলে সৃষ্টি হয়-
i. ব্যবসায়িক ঋণ
ii. পুস্তক ঋণ
iii. প্রদেয় হিসাব
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪। অনাদায়ী পাওনার ধার্য না করা হলে-
i. নিট মুনাফা অতিরিক্ত প্রদর্শিত হবে
ii. নিট মুনাফা কম প্রদর্শিত হবে
iii. সম্পত্তির মূল্য অতিরিক্ত প্রদর্শিত হবে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫। প্রাপ্য নোট বাট্টাকরণ করা যায়-
i. দালালের মাধ্যমে
ii. দেনাদারের মাধ্যমে
iii. ব্যাংকের মাধ্যমে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬। অনাদায়ী পাওনা সঞ্চিতি হলো-
i. সম্ভাব্য ক্ষতি
ii. ভবিষ্যৎ ব্যবস্থা
iii. প্রতি সম্পত্তি
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii✓ (ঘ) i, ii ও iii

▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
তন্ময় ট্রেডার্স ২০১৫ সালের ১০ জানুয়ারি তারিখে মাসুদ ব্রাদার্সের কাছ থেকে ১৫% সুদে ৯০ দিন মেয়াদি ৩০,০০০ টাকা মূল্যের একটি প্রাপ্য নোট পাওয়া গেল। প্রাপ্য নোটটি ২০ জানুয়ারি তারিঝেখ ১৮% হারে বাট্টায় ভাঙানো হয়েছে।

২৭। প্রাপ্য সুদের পরিমাণ কত ?
ক. ১,২৪৬ টাকা
খ. ১,১২৫ টাকা✓
গ. ১,০০০ টাকা
ঘ. ১২০ টাকা

২৮। নোট বাট্টা করলে এবং সুদ খরচ সমন্বয় করলে যেসব হিসাব ডেবিট হয়-
i. প্রাপ্য নোট
ii. নগদ
iii. সুদ খরচ
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii✓ (ঘ) i, ii ও iii

▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের বছরের শুরুতে অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ ৭,৫০০ টাকা। বছরে অবলোপনকৃত অনাদায়ী পাওনা ৪,০০০ টাকা। বিবিধ দেনাদারের পরিমাণ ১,০০,০০০ টাকা। অনাদায়ী পাওনা সঞ্চিতি আরো ১,৫০০ টাকা বৃদ্ধির সিদ্ধান্ত নেয়া হয়।

২৯। নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত ?
ক. ১১,৫০০ টাকা
খ. ৯,০০০ টাকা✓
গ. ৩,৫০০ টাকা
ঘ. ১,৫০০ টাকা

৩০। নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি ১,৫০০ টাকা হ্রাস করা হলে আর্থিক বিবরণীতে-এর প্রভাব পড়বে-
i. দালালের মাধ্যমে
ii. দেনাদারের মাধ্যমে
iii. ব্যাংকের মাধ্যমে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

▶ নিচের উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও।
মীমী তার ১২,০০০ টাকার ৪ মাস মেয়াদি ১০% নোট ব্যাংক হতে ১ মাস পর ১২% হারে বাট্টা করল।

৩১। এই লেনদেন লিপিবদ্ধকরণে-
i. ব্যাংক হিসাব ডেবিট
ii. বাট্টা হিসাব ডেবিট
iii. প্রাপ্য নোট হিসাব ক্রেডিট
নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i ii ও iii✓

৩২। মেয়াদ শেষে সুদ বাবদ আয় কত টাকা ?
ক. ৪০০ টাকা*
খ. ২৭২ টাকা
গ. ২৪০ টাকা
ঘ. ১২৮ টাকা

**Reference:**
Various important curriculum books, notebooks and test papers.